

রেজিস্টার্ড নং ডি এ-১      “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”



বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ৩০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)

প্রত্নালয়

তারিখ : ১৫ অগ্রহায়ণ ১৪২৭/৩০ নভেম্বর ২০২০।

নং ৪৬.০০.০০০০.০৪৬.২৭.০৩৬.২০২০-৯৪৮—যেহেতু, জনাব মোঃ ফারুক ইমরুল  
কায়েস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট-এর বিরুদ্ধে উপজেলা নির্বাহী  
অফিসার মুহাম্মদ মনসুর উদ্দিন এর সাথে অসদাচরণ, দুর্ব্যবহার, অশ্রাব্য ভাষায় গালিগালাজ ও হৃষ্কি  
প্রদান করেছেন;

যেহেতু, তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যান নির্বাচিত হবার পর থেকে পরিষদের বিভিন্ন দণ্ডের  
আর্থিক বিষয়ে অনেতিক দাবী প্রতিষ্ঠিত করার চেষ্টা করে আসছেন ;

যেহেতু, তিনি আদিতমারী উপজেলার পল্লী উন্নয়ন কর্মকর্তা মোছা: নূরেলা আকতার-এর সাথে  
অশোভন আচরণ প্রদর্শন করেছেন ;

যেহেতু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট কর্তৃক সম্পাদিত এহেন  
কর্মকাণ্ড উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের মধ্যে হতাশা ও ক্ষোভের সৃষ্টি করে যাতে সার্বিকভাবে  
উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়নে অচলাবস্থার সৃষ্টি ও জনস্বার্থ মারাত্মকভাবে বিঘ্নিত হতে  
পারে;

যেহেতু, তার এ পদে বহাল থেকে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনা রাষ্ট্র বা পরিষদের  
স্বার্থের পরিপন্থ ; এবং

(১২৬৮১)  
মূল্য : টাকা ৮.০০

যেহেতু, জনাব মোঃ ফারুক ইমরুল কায়েস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট-এর বিবুদ্ধে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ ধারা অনুসারে কার্যক্রম শুরু করা হয়েছে ;

সেহেতু, সরকার জনস্বার্থে তাকে তার স্বীয় পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন ;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(খ)(১) ধারা অনুসারে লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ ফারুক ইমরুল কায়েস-কে আদিতমারী উপজেলা পরিষদ চেয়ারম্যান পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো এবং বর্ণিত উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান-০১ কে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনার জন্য পরিষদের আর্থিক ক্ষমতা প্রদান করা হলো ।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে ।

নুমেরী জামান  
উপসচিব ।